**উপজেলা পরিষদ**
**ওসমানীনগর, সিলেট**
**উপজেলা পরিষদের ৯১তম সাধারণ সভার কার্যবিবরণি**

**নভেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণি**

সভাপতি ঃ জনাব অনুপমা দাস, প্রশাসক, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট।
সভার তারিখ ও সময় ঃ ২৬ নভেম্বর ২০২৪, সকাল ১১:০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ "বৈঠক"।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

জনাব অনুপমা দাস, প্রশাসক, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট ও অদ্যকার সভার সভাপতি তার প্রারম্ভিক বক্তব্যে উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানান। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন। | উপজেলা নির্বাহী অফিসার সভায় বিগত সভার কার্যবিবরণি পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | **বিভিন্ন বিভাগের কার্যাবলী ঃ** | | | |
| স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) | উপজেলা নির্বাহী অফিসার সভায় প্রতি মাসে ইউনিয়ন পরিষদ সভা করে সভার কার্যবিবরণী পরবর্তী দশ কার্যদিবসের মধ্যে প্রেরণের আহবান জানান। | | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ প্রতি মাসে ইউনিয়ন পরিষদ সভা করে সভার কার্যবিবরণী পরবর্তী দশ কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>চেয়ারম্যান, গোয়ালাবাজার ইউনিয়ন পরিষদ সভায় গোয়ালাবাজার ইউনিয়নের নতুন ভবন নির্মাণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহবান জানান। কলারাই বাজারে জরুরী ভিত্তিতে মাছ বাজারের সেড মেরামত করা প্রয়োজন মর্মে জানান।<br>চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উছমানপুর ইউনিয়ন পরিষদ সভায় ময়না বাজারে একটি সবজি সেড প্রয়োজন মর্মে জানান। থানা গাঁও বাজার থেকে দয়ামীর রাস্তা জরুরী মেরামত করার আহবান জানান। | | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়নে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে।<br>১.২) উপজেলার জনগুরুত্বপূর্ণ মেরামতযোগ্য রাস্তা ও ব্রীজসমূহ জরুরী ভিত্তিতে অগ্রাধিকার ভিত্তিতে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রমসহ বর্হিঃ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ক্যান্সার সচেতনতামূলক ক্যাম্পেইন এ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান। হাসপাতালের সামনের রাস্তা জরুরী মেরামত ও হাসপাতালে বর্জ্য ব্যবস্থাপনা নিরোধক যন্ত্র স্থাপনের অনুরোধ জানান। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এম্বুলেন্স সার্ভিস চালু হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ স্বাস্থ্য সেবা নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)। |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | | ১.১) কৃষক ও কৃষির উন্নয়নে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান(সকল) |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জানামতে কোন সিজনাল কসাই থাকলে তাঁর প্রদানের অনুরোধ জানান। | | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ প্রাণি সম্পদ বৃদ্ধিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান | | ১.১) বিভাগীয় কার্যক্রমের | উপজেলা মৎস্য |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সিলেট জেলার অক্টোবর/২০২৪ খ্রি. মাসের উন্নয়ন সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক সিলেট জেলার প্রতিটি উপজেলায় একটি করে মৎস্য অভয়াশ্রম করার উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত হয়। উক্ত সিদ্ধান্ত অনুসারে ওসমানীনগর উপজেলার সাদিপুর ইউনিয়নে উন্মুক্ত জলমহাল কাটারমার খালের সুবিধাজনক ও গভীরতম স্থানে মাছের প্রজনন ও নিরাপদ আবাস্থল চিহ্নিত করে মৎস্য অভয়াশ্রম নির্মানের প্রস্তাব দেন উপজেলা মৎস্য কর্মকর্তা। | ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ মৎস্য সম্পদ বৃদ্ধিতে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>১.২) সাদিপুর ইউনিয়নের উন্মুক্ত জলমহাল কাটারমার খালের সুবিধাজনক ও গভীরতম স্থানে মৎস্য অভয়াশ্রম স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ স্বাস্থ্য সেবা নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)। |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ গ্রামীণ অবকাঠামো উন্নয়নে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন ও বাউন্ডারী ওয়াল নির্মানের জন্য পুরাতন ভবন নিলাম ও গাছ কর্তনের ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ ঝরে পড়া শিশুদের শিক্ষা নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখা রাখাসহ ঝরে পড়া শিক্ষার্থীদের শিক্ষা নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষাকর্মকর্তা/সংশ্লিষ্ট সকল |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা/ শিক্ষা উপবৃত্তি, বেদে জনগোষ্ঠীর বিশেষ ভাতা/ শিক্ষা উপবৃত্তি, হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা/ শিক্ষা উপবৃত্তি ও প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন আগামী ৩০/১১/২০২৪ তারিখ পর্যন্ত চলবে মর্মে জানান। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ সহজে সেবা প্রাপ্তি নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌ.), ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ সহজে সেবা প্রাপ্তি নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ভিডব্লিওবি অনলাইন আবেদন ডিসেম্বর ২য় সপ্তাহে শুরু হবে। ২য় ও ৩য় সপ্তাহে অনলাইন আবেদন সম্পন্ন করতে হবে। সকল ইউপি চেয়ারম্যানগনকে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন শেষ করার অনুরোধ জানান। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ সহজে সেবা প্রাপ্তি নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান(সকল) |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ গ্রামীন জনগোষ্টির জীবন মানউন্নয়নে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ সংশ্লিষ্ট কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান (সকল) |
| | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ গ্রামীন জনগোষ্টির জীবন মানউন্নয়নে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | |
| | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ | |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | গ্রামীন জনগোষ্ঠির জীবন মানউন্নয়নে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। একমাস মেয়াদী যানবাহন চালনা প্রশিক্ষণে অত্র উপজেলা থেকে ০৩ জন যুবককে উক্ত প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে। উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ সমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান আছে। মাঠ পর্যায়ে আত্নকর্মপ্রত্যাশি যুবদের ঋন আবেদন সমূহ যাচাই বাছাই করে উপজেলা ঋন অনুমোদন ও পর্যালোচনা কমিটির সভায় উপস্থাপন করে অনুমোদিত হলে বিধি মোতাবেক ঋনের চেক বিতরণ করা হবে মর্মে জানান। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ দক্ষ যুব সমাজ গঠেনে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, পবিস-১, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ডিজিএম, সিলেট পবিস-১/সংশ্লিষ্ট সকল। |
| নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ সহজে সেবা প্রাপ্তি নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)/ সংশ্লিষ্ট সকল |
| আনসার ও গ্রাম প্রতিরক্ষা বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ আইন শৃংখলা রক্ষায় কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/ সংশ্লিষ্ট সকল |
| তথ্যকেন্দ্র | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট, সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ সহজে সেবা প্রাপ্তি নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা/ সংশ্লিষ্ট সকল |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ সহজে সেবা প্রাপ্তি নিশ্চিতে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা / ইউপি চেয়ারম্যান (সকল) |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ওসমানীনগর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ প্রান্তিক পর্যায়ে কৃষকদের উন্নয়নে কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ সংশ্লিষ্ট সকল |
| বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, ওসমানীনগর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখাসহ পরিবেশ রক্ষায় কার্যকরী পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ /সংশ্লিষ্ট সকল। |
| ৩। নিয়মিত রাজস্ব ব্যয় | উপজেলা পরিষদের নভেম্বর/২০২৪ মাসের বিভিন্ন সভা সমূহের আপ্যায়ন ব্যয় বাবদ =৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা, আনুষঙ্গিক ব্যয় বাবদ =৫০০০/-(পাঁচ হাজার) টাকা সহ মোট =৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকা বিল সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ১.১। উপজেলা পরিষদের নভেম্বর/২০২৪ মাসের বিভিন্ন সভা সমূহের আপ্যায়ন ব্যয় বাবদ =৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা, আনুষঙ্গিক ব্যয় বাবদ =৫০০০/-(পাঁচ হাজার) টাকা সহ মোট =৩৫,০০০/- টাকা বিল সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৪। বিবিধ | চেয়ারম্যান, গোয়ালাবাজার ইউনিয়ন পরিষদ সভায় গোয়ালাবাজার হাট বাজারের ১৫% বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | ১.১) আলোচ্য বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

CS CamScanner

**সভাপতির সমাপনী বক্তব্য ঃ** সভাপতি ওসমানীনগর উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপস্থিত সহকারী কমিশনার (ভূমি) ও প্রশাসক ১নং উমরপুর ইউপি, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১১/২৪
অনুপমা দাস
প্রশাসক
উপজেলা পরিষদ
ওসমানীনগর, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৬০.০০৬.০১.০০১.১৭.২৪-৮৮৮

তারিখ ঃ ২৬ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ,সিলেট।
৪. জেলা প্রশাসক, সিলেট।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।

২৬/১১/২৪
অনুপমা দাস
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
ওসমানীনগর উপজেলা পরিষদ, সিলেট।

**উপস্থিত ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট"ক" (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)**

**উপস্থিত জনপ্রতিনিধি ঃ**

০১. প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০২. সহকারী কমিশনার (ভূমি) ও প্রশাসক, উমরপুর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৩. চেয়ারম্যান, পশ্চিম পৈলনপুর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর,সিলেট।
০৪. চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), গোয়ালাবাজার ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৫. চেয়ারম্যান, দয়ামীর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৬. চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), তাজপুর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০৭. চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) , উছমানপুর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।

**অনুপস্থিত জনপ্রতিনিধি ঃ**

০১. চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), সাদীপুর ইউনিয়ন পরিষদ, ওসমানীনগর, সিলেট।
০২. চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), বুরুঙ্গাবাজার পরিষদ, ওসমানীনগর, সিলেট।

**উপস্থিত কর্মকর্তা ঃ**

০১. উপজেলা নির্বাহী অফিসার, ওসমানীনরগর, সিলেট।
০২. উপজেলা প্রকৌশলী, ওসমানীনগর, সিলেট। (প্রতিনিধি)
০৩. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
০৪. উপজেলা সমাজসেবা কর্মকর্তা,ওসমানীনগর উপজেলা, সিলেট।
০৫. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ওসমানীনগর, সিলেট। (প্রতিনিধি)
০৬. উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
০৭. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
০৮. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,ওসমানীনগর,সিলেট।
০৯. উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ওসমানীনগর, সিলেট।
১০. তথ্যসেবা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
১১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
১২. উপজেলা মৎস্য কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
১৩. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,ওসমানীনগর,সিলেট।
১৪. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
১৫. উপজেলা শিক্ষা কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
১৬. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ওসমানীনগর,সিলেট।

**অনুপস্থিত কর্মকর্তা ঃ**

০১. উপজেলা সমবায় কর্মকর্তা,ওসমানীনগর,সিলেট।
০২. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,ওসমানীনগর, সিলেট।
০৩. উপজেলা বন কর্মকর্তা, ওসমানীনগর,সিলেট।
০৪. ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ওসমানীনগর, সিলেট।
০৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ওসমানীনগর,সিলেট।
০৬. ডিজিএম, পবিস-১, ওসমানীনগর, সিলেট।
০৭. উপজেলা নির্বাচন কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।
০৮. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ওসমানীনগর, সিলেট।
০৯. উপজেলা কৃষি কর্মকর্তা, ওসমানীনগর, সিলেট।

CamScanner